

ঝুঁঁটু

এইচএসসির দ্বিতীয় দিনে অনুপস্থিত ৬৫৯৯ বহিকার ১৪

যুগান্তর প্রতিবেদন

২১ আগস্ট ২০২৩, ০০:০০:০০ | **প্রিন্ট সংস্করণ**

এইচএসসি ও সমমানের পরীক্ষার দ্বিতীয় দিনে ৮ শিক্ষা বোর্ডে অনুপস্থিত ছিল ৬ হাজার ৫৯৯ পরীক্ষার্থী। অনুপস্থিতির হার শূন্য দশমিক ৭০ শতাংশ। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১৪ পরীক্ষার্থীকে বহিকার করা হয়েছে। রোববার শিক্ষা মন্ত্রণালয়ের কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে।

এইচএসসি বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা রোববার অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত এ পরীক্ষা চলে। ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, কুমিল্লা, রাজশাহী, যশোর, সিলেট ও দিনাজপুর-এই আট বোর্ডে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

তবে প্রাকৃতিক দুর্ঘাগের কারণে চট্টগ্রাম, মাদ্রাসা ও কারিগরি বোর্ডের পরীক্ষা স্থগিত করা হয়। এই তিন বোর্ডের পরীক্ষা ২৭ আগস্ট শুরু হবে।

আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৯ লাখ ৪৬ হাজার ৮৪৫ জন। এর মধ্যে ৯ লাখ ৪০ হাজার ২৪৬ পরীক্ষার্থী অংশ নেয়। অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন সবচেয়ে বেশি ১ হাজার ৭০৫ জন। এ ছাড়া রাজশাহীতে ১ হাজার ৪৪, বরিশালে ৪১৫, সিলেটে ৪৫৫, দিনাজপুরে ৮৪৬, কুমিল্লায় ১ হাজার ৩৭, ময়মনসিংহে ৪০৪ এবং যশোর শিক্ষা বোর্ডে ৬৯৩ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2023

